

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
ত্রাণ কর্মসূচি-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.modmr.gov.bd](http://www.modmr.gov.bd)

নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০৩৭.২০.২৮৬

তারিখঃ ০৬-০৮-২০২০ খ্রিঃ

বিষয়ঃ ত্রাণ কার্য (চাল), ত্রাণ কার্য (নগদ), গো-খাদ্য ক্রয় বাবদ অর্থ এবং শিশু খাদ্য ক্রয় বাবদ অর্থ বরাদ্দ।

সাম্প্রতিক অতি বর্ষণ জনিত কারণে সৃষ্ট বন্যা ও প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের মানবিক সহায়তা হিসেবে বিতরণের নিমিত্ত নিম্নের ১টি জেলার পার্শ্বে উল্লিখিত পরিমাণ ত্রাণ কার্য (চাল), ত্রাণ কার্য (নগদ), গো-খাদ্য ক্রয় বাবদ অর্থ এবং শিশু খাদ্য ক্রয় বাবদ অর্থ নিম্নবর্ণিত শর্তে জেলা প্রশাসক, চাঁদপুর-এর অনুকূলে বরাদ্দের জন্য তাঁর বরাবর নির্দেশক্রমে ছাড় করা হলোঃ

ক্র.নং	জেলার নাম	ত্রাণ কার্য (চাল) বরাদ্দের পরিমাণ (মেঃ টন)	ত্রাণ কার্য (নগদ) বরাদ্দের পরিমাণ (টাকা)	গো-খাদ্য ক্রয় বাবদ অর্থ বরাদ্দের পরিমাণ (টাকা)	শিশু খাদ্য ক্রয় বাবদ অর্থ বরাদ্দের পরিমাণ (টাকা)
১।	চাঁদপুর	১০০ (একশত)	২,০০,০০০/- (দুই লক্ষ)	২,০০,০০০/- (দুই লক্ষ)	২,০০,০০০/- (দুই লক্ষ)

শর্তাবলীঃ

- (ক) বরাদ্দকৃত ত্রাণ কার্য (চাল) এবং ত্রাণ কার্য (নগদ) শুুমাত্র আপদকালীন সময়ে প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের মাঝে বিতরণ করতে হবে;
- (খ) প্রাকৃতিক দুর্যোগ ব্যতিত অন্য কোন কাজে এ বরাদ্দ বিতরণ করা যাবে না;
- (গ) মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ অনুসরণপূর্বক এ বরাদ্দ বিতরণ করতে হবে এবং নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করতে হবে;
- (ঘ) গো-খাদ্য ক্রয়ের ক্ষেত্রে পিপিআর, ২০০৮সহ সংশ্লিষ্ট সকল বিধি-বিধান ও আর্থিক নিয়মাচার যথাযথভাবে প্রতিপালন করতে হবে;
- (ঙ) গো-খাদ্য হিসেবে বিভিন্ন প্রকার ভূষি, খেল, চালের কুড়া, চিটা গুঁড়, খড়, মানসম্পন্ন রেডিমেইড ফুড ইত্যাদি খাদ্যদ্রব্য স্থানীয়ভাবে ক্রয় করে বিতরণ করতে হবে;
- (চ) শিশু খাদ্য ক্রয়ের ক্ষেত্রে পিপিআর, ২০০৮সহ সংশ্লিষ্ট সকল বিধি-বিধান ও আর্থিক নিয়মাচার যথাযথভাবে প্রতিপালন করতে হবে;
- (ছ) শিশু খাদ্য হিসেবে খেজুর, বিস্কুট, ফার্টফাইড তৈল, ব্রাউন চিনি, সুজি, মশুরির ডাল, সাগু, ফার্টফাইড চাল, ওয়াটার পিউরিফাইড ট্যাবলেট, বাদাম, মানসম্মত রেডিমেট ফুড ইত্যাদি খাদ্যদ্রব্য স্থানীয়ভাবে ক্রয় করে বিতরণ করতে হবে;
- (জ) বরাদ্দকৃত অর্থ বর্ণিত ক্রয় ব্যতিত অন্য কোন খাতে ব্যয় করা যাবে না;
- (ঝ) সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ আরোপিত শর্তাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক ছাড়কৃত অর্থে গো-খাদ্য ও শিশু খাদ্য ক্রয়পূর্বক বিতরণ করবেন এবং নিরীক্ষার জন্য হিসাব সংরক্ষণ করবেন;
- (ঞ) প্রতি মাসে ব্যয় বিবরণী দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

অঃপঃদঃ/২

২। মঞ্জুরীকৃত ত্রাণ কার্য (চাল)-এর ব্যয় চলতি ২০২০-২০২১ অর্থ বছরের ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২২১০১-ত্রাণ কার্য (চাল) খাত হতে; ত্রাণ কার্য (নগদ) অর্থের ব্যয় ১৪৯০১০১-১২০০০১৯১৭-রিলিফ অপারেশন রিহ্যাবিলিটেশন (বন্যা)-৩৭২১১০১-ত্রাণ কার্য (নগদ) খাত হতে; গো-খাদ্যের ব্যয় ১৪৯০১০১-১২০০০১৯১৬-৩৭২১১০-গো-খাদ্য খাত হতে এবং শিশু খাদ্যের ব্যয় ১৪৯০১০১-১২০০০১৯১৬-৩৭২১১০৯-শিশু খাদ্য খাত নির্বাহ করা হবে।

স্বাক্ষরিত/-

( মোঃ শাহজাহান )

সিনিয়র সহকারী সচিব (ত্রাক-১)

ফোনঃ ৯৫৪৫৮৬৯

sasr1@modmr.gov.bd

মহাপরিচালক

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর


৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা।

নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০৩৭.২০.২৮৬/১(২০)

তারিখঃ ০৬-০৮-২০২০ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৫। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, ১৬, আবদুল গনি রোড, ঢাকা।
- ৭। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
- ৮। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৯। পরিচালক-৪, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ১০। জেলা প্রশাসক, চাঁদপুর।
- ১১। উপসচিব (এনডিআরসিসি), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (মঞ্জুরী আদেশটি সংশ্লিষ্টদের বরাবর ফ্যাক্স ও ই-মেইল মারফত প্রেরণের অনুরোধসহ)।
- ১২। উপসচিব (বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১৪। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬, আবদুল গনি রোড, ঢাকা।
- ১৬। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (মঞ্জুরী আদেশটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)।
- ১৭। জনাব নিতাই চন্দ্র দে সরকার, উপ-পরিচালক (এমআইএম), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ১৮। সিনিয়র তথ্য কর্মকর্তা (পিআরও), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১৯। অতিরিক্ত সচিব (ত্রাণ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

  
( মোঃ শাহজাহান )  
সিনিয়র সহকারী সচিব (ত্রাক-১)।